

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة ) পরিচ্ছেদঃ ৮৩. বীর্যরস (মযী) সম্পর্কে

باب فِي الْمَذْي

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَة، عَنْ مَالِك، عَنْ أَبِي النَّضْرِ، عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ، عَنِ الْمِقْدَادِ بْنِ الأَسْوَدِ، أَنَّ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ، أَمَرَهُ أَنْ يَسْأَلَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنِ الرَّجُلِ إِذَا دَنَا مِنْ أَهْلِهِ فَخَرَجَ مِنْهُ الْمَذْيُ مَاذَا عَلَيْهِ فَإِنَّ عِنْدِي ابْنَتَهُ وَأَنَا أَسْتَحْيِي أَنْ أَسْأَلَهُ . قَالَ الْمِقْدَادُ فَسَأَلْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنْ ذَلِكَ فَقَالَ " إِذَا وَجَدَ أَحَدُكُمْ ذَلِكَ فَلْيَنْضَحْ فَرْجَهُ وَلْيَتَوَضَّأَ وُضُوءَهُ لِلصَّلَاةِ " .

\_ صحیح

#### বাংলা

২০৭। আল-মিকদাদ ইবনুল আস্ওয়াদ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা 'আলী ইবনু আবূ তালিব (রাঃ) তাকে নির্দেশ দিলেন, তিনি যেন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করেন, কোন ব্যক্তি স্বীয় স্ত্রীর নিকটবর্তী হলেই বীর্যরস নির্গত হলে তার করণীয় কি? নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর কন্যা আমার কাছে রয়েছে, সেজন্য আমি তাঁকে (সরাসরি) এ বিষয়ে জিজ্ঞাসা করতে লজ্জাবোধ করছি। মিকদাদ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে এ বিষয়ে জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ তোমাদের কারো এরূপ অবস্থা হলে সে যেন তার লজ্জাস্থান ধুয়ে নেয় এবং সালাতের অযুর ন্যায় অযু করে।[1]

সহীহ।

## **English**

Narrated Al-Miqdad ibn al-Aswad:



Ali ibn AbuTalib commanded him to ask the Messenger of Allah (ﷺ) what a man should do when he wants to have intercourse with his wife and the prostatic fluid comes out (at this moment). (He said): I am ashamed of consulting him because of the position of his daughter. Al-Miqdad said: I asked the Messenger of Allah (ﷺ) about it. He said: When any of you finds, he should wash his private part, and perform ablution as he does for prayer.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ১৫৬) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ ময়ী বের হলে উযু করা, হাঃ ৫০৫), মালিক (অধ্যায়ঃ পবিত্রতা, ১/৫৩/পৃঃ ৪০), আহমাদ (৬/৪,৫) ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ২১), সকলে মালিক ইবনু আনাস সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মিকদাদ ইবন আসওয়াদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন